

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০২৮.২০১৪(অংশ-১)- ৭৮৮

তারিখ : ১৩ ভাদ্র, ১৪২৪ বঙ্গাব্দ।
২৮ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন


যেহেতু, যশোর জেলার সদর উপজেলাধীন ০৩নং ইছালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব এস এম আফজাল হোসেন এর বিরুদ্ধে কোতয়ালী মডেল থানার ২৬/০২/২০১৫ তারিখে দায়েরকৃত ফৌজদারী মামলা নং- ৯৩/২০১৫ ধারা ৩০২/৩৪ এর অভিযোগপত্র ১৮/০৪/২০১৭ বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে মর্মে বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, যশোর জানিয়েছেন;

যেহেতু, জেলা প্রশাসক, যশোর কর্তৃক উক্ত চেয়ারম্যানকে তাঁর স্বীয় পদ থেকে সাময়িক বরখাস্তের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন;

যেহেতু, বিজ্ঞ আদালতে উল্লিখিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের বিরুদ্ধে বিচারাধীন মামলার অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হওয়ায় এবং তাঁর কর্তৃক ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, যশোর জেলার সদর উপজেলাধীন ০৩নং ইছালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব এস এম আফজাল হোসেন এর বিরুদ্ধে কোতয়ালী মডেল থানার ২৬/০২/২০১৫ তারিখে দায়েরকৃত ফৌজদারী মামলা নং- ৯৩/২০১৫ ধারা ৩০২/৩৪ এর অভিযোগপত্র ১৮/০৪/২০১৭ বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় এবং উক্ত ইউপি চেয়ারম্যান কর্তৃক ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪ উপধারা (১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যান জনাব এস এম আফজাল হোসেনকে তাঁর স্বীয় পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০২৮.২০১৪(অংশ-১)- ৭৮৮

তারিখ : ১৩ ভাদ্র, ১৪২৪ বঙ্গাব্দ।
২৮ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। জেলা প্রশাসক, যশোর।


০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর।

০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬। জনাব এস এম আফজাল হোসেন, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), ০৩নং ইছালী ইউনিয়ন পরিষদ, যশোর সদর, যশোর।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব